

বেসু দেখতে কেন্দ্রের সচিব

আজকালের প্রতিবেদন: বেসল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স
ইউনিভার্সিটি (বেসু) ঘুরে দেখলেন কেন্দ্রীয় মানবসম্পদ
উন্নয়ন মন্ত্রকের সচিব সুদীপ বন্দ্যোপাধ্যায়। বেসু-কে আই
এন আই স্তরে উন্নীত করতে কর্তৃপক্ষের আবেদনের
ভিত্তিতেই সুদীপবাবুর বৃহস্পতিবারের পরিদর্শন।
বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তির কথা মাথায় রেখে বিক্ষোভের
রাস্তায় যাননি আই সি-র ছাত্রছাত্রীরা। এদিন তাঁরা ক্লাসে
চুকলেও অ্যাটেন্ডেন্স দেননি। বিকেলে . উপাচার্য
নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে ছাত্রছাত্রীদের
আলোচনার কথা থাকলেও, তা বাতিল হয়েছে। আই সি-র
অভিজ্ঞান-বেরা জ্ঞানান, উপাচার্যের কাছ থেকে লিখিত
প্রতিশ্রুতি পেলেই ধর্মঘট প্রত্যাহার করা হবে। শুক্রবার
থেকে যথারীতি ছাত্র ধর্মঘট চালিয়ে যাবে আই সি। সুদীপ
বন্দ্যোপাধ্যায় উপাচার্য নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায়,
রেজিস্ট্রার ইন্দ্রনাথ সিংহ-সহ . একটি কমিটির সঙ্গে
আলোচনা করেন। তিনি ল্যাবরেটরি, লাইব্রেরিও ঘুরে
দেখেন। পরে বলেন, বিশ্ববিদ্যালয় ভাল লেগেছে।